

# সোসাইটি রেজিস্ট্রেশন এক্সট-১৮৬০ মোতাবেক নিবন্ধিত

## Ex. Pharmacy Students Association (EPSA), UAP

ফিরে ফিরে আসুক সোনালী দিন গুলো সেই প্রত্যাশায় আলোকিত মুখগুলো বলে উঠুক  
“অঘজ অনুজ মিলে একাকার  
এ বন্ধন হোক ভালবাসার”

১) এই বিশ্ববিদ্যালয়ের (UAP) ফার্মেসী বিভাগের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের মধ্যে একটি অবিচ্ছেদ্য সেতু বন্ধন এবং ঐক্য সৃষ্টিই এর প্রধানতম উদ্দেশ্য। এছাড়াও যেসব ক্ষেত্রে এই এসোসিয়েশনের সঙ্গীরব পদচারণা থাকবে :

ক. বিভিন্ন প্রতিষ্ঠানে ফার্মেসী পেশায় নিয়োজিত সদস্যদের দ্বারা কর্মশিল্পের অনুষ্ঠিত করে ফার্মেসীতে (অনার্স) অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের সাথে প্রতিনিয়ত ঔষধ শিল্পের সর্বাধুনিক প্রযুক্তিগত ও ঔষধ সম্পর্কিত তথ্য আদান-প্রদান।

খ. ফার্মেসী বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের সর্ব প্রকার প্রাতিষ্ঠানিক সমস্যা সমাধানে নেতৃত্ব সমর্থন প্রদান।

গ. এই বিভাগে অধ্যয়নরত বিভিন্ন স্তরের শিক্ষার্থীদের নিয়ে সাহিত্য, সংস্কৃতি, বিতর্ক, বিনোদনমূলক, শিক্ষামূলক ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন।

ঘ. EPSA, UAP এর সম্মানিত সদস্যদের জন্য বিভিন্ন বিনোদন ও শিক্ষামূলক অনুষ্ঠান আয়োজন।

ঙ. নিজস্ব বিভাগ এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ/অনুষদের শিক্ষার্থী এবং প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে ফার্মা ফেয়ারের আয়োজন।

চ. ইউএপি-এর ফার্মেসী বিভাগের কেন্দ্রীয় ও সেমিনার লাইব্রেরী এর সংগ্রহশালাকে আরো সমৃদ্ধশালী এবং যুগোপযোগী করে তোলার জন্য প্রয়োজনীয় পাঠ্য বই, স্বাস্থ্য সম্পর্কিত জ্ঞানাল ও প্রতিবেদন, গবেষণাপত্র এবং অন্যান্য উপকরণ সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ।

ছ. এই এসোসিয়েশন উক্ত বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে প্রবেশের জন্য এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে (M.S, Ph. D) দেশে ও বিদেশে সমন্বয় সাধনের জন্য নেতৃত্ব সমর্থন ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

জ. বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবস সমূহে যথাযথ কর্মসূচী গ্রহণ।

ঝ. দেশের যে কোন দূর্যোগে (যেমন-বন্যা, ঝাড়, ভূমিকম্প, মহামারী প্রভৃতি) যথাযথ কর্মসূচী গ্রহণ।

ঝ. এসোসিয়েশনের সমুদয় সম্পত্তি ও আয় শুধু মাত্র এসোসিয়েশনের উন্নয়ন এবং উহার নীতি, আদর্শ ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ব্যয় করা হবে।

২) সর্বোপরি আর্থসামাজিক, জনকল্যাণ, শিক্ষা এবং দারিদ্রবিমোচনমূলক কর্মসূচীতে সক্রিয় অংশগ্রহণ ও এই এসোসিয়েশনের অন্যতম মূল উদ্দেশ্য হবে।